-16

ভোরের কাগজ

তারিখ: 10 JUL 1996
পৃষ্ঠা: ৭ কলাম: ২

## কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল

# পাসের হার ৪৭ দশমিক ০২ ভাগ

কাগজ প্রতিবেদক ঃ গতকাল কুমিল্লা বোর্ডের ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৪৭ দশমিক ০২ ভাগ। লক্ষণীয় বিষয় হচ্ছে, এবারে কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৬ দশমিক ৫৯ শতাংশ। সে তুলনায় সমাজ বিজ্ঞান বিভাগে পাসের হার মাত্র ৩০ দশমিক ৪৭ শতাংশ। বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় সিলেট ক্যাডেট কলেজ এবং কুমিল্লা ক্যাডেট কলেজের রয়েছে একছত্র প্রাধান্য। সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় বাইরের স্কুলগুলো ভালো করেছে। কুমিল্লা বোর্ডে এবারে সর্বমোট পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীর সংখ্যা ছিলো ৮০ হাজার ৪৬৪ জন। এর মধ্যে কৃতকার্য হয়েছে ৩৭ হাজার ৮৩৪ জন। প্রথম বিভাগ পেয়েছে ২২ হাজার ৫৪৬ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ১৫ হাজার ১৩৭ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ১৫১ জন।

বিভাগওয়ারী হিসেবে বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষা দিয়েছিলো ৩৬ হাজার ৮৭৬ জন। পাস করেছে মোট ২৪ হাজার ৫৫৪ জন।

প্রথম বিভাগ পেয়েছে ১৮ হাজার ৩৩৫ জন। দ্বিতীয় ভাগ পেয়েছে ৬ হাজার ২১৫ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ৪ জন। বিজ্ঞান বিভাগে মোট ১১ হাজার ৪০২ জন মেয়ে পরীক্ষা দিয়েছিলো। এর মধ্যে পাস করেছে ৭ হাজার ৪৮১ জন। পাসের হার ৬৫ দশমিক ৬১।

সমাজ বিজ্ঞান বিভাগ থেকে মোট পরীক্ষা দিয়েছিলো ৪৩ হাজার ৫৮৮ জন। পাস করেছে ১৩ হাজার ২৮০ জন। প্রথম বিভাগ পেয়েছে ৪ হাজার ২১১ জন। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৮ হাজার ৯২২ জন এবং ১৪৭ জন পেয়েছে তৃতীয় বিভাগ। সমাজ বিজ্ঞান বিভাগ থেকে মোট মেয়ে পরীক্ষার্থী ছিলো ২৩৯৭১ জন। এর মধ্যে পাস করেছে ৭ হাজার ৩০৪ জন। পাসের হার ৩০ দশমিক ৪৭ শতাংশ।


বিজ্ঞান বিভাগে প্রথম স্থান অধিকার করেছে সিলেট ক্যাডেট কলেজের ছাত্র সাদ হাবিব-ই-রসুল মোল্লা। ৮টি বিষয়ে লেটার সহ সে পেয়েছে ৯৩২ নম্বর। ৯২৮ নম্বর এবং ৮টি বিষয়ে লেটার পেয়ে দ্বিতীয় হয়েছে সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের অমিতা বিক্রম দেব। তৃতীয় হয়েছে সিলেট ক্যাডেট কলেজের মোহাম্মদ কামরুল হাসান। ৮টি বিষয়ে লেটার মার্কসসহ সে পেয়েছে ৯২৬। সমাজ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে বাঞ্ছারামপুর এসএম পাইলট হাই স্কুলের সাফিউন নাহিন শিমুল। ৭টি বিষয়ে লেটার মার্কসসহ সে পেয়েছে ৮৬৫ নম্বর। একই বিভাগে দ্বিতীয় হয়েছে চাঁদপুর হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ইশতিয়াক আহমেদ। ৮টি বিষয়ে লেটার মার্কসসহ সে পেয়েছে ৮৬৩ নম্বর। ৮৫৭ নম্বর এবং ৬টি বিষয়ে লেটারসহ কুমিল্লা ক্যাডেট কলেজের সাইয়িদ মাহমুদ পারভেজ আনোয়ার তৃতীয় হয়েছে।

বিজ্ঞান বিভাগের মেয়েদের মেধা তালিকায় কুমিল্লার ফয়জুন্নেসা সরকারি বালিকা বিদ্যালয়ের নাদিরা রহমান ৮টি বিষয়ে লেটারসহ ৯০৪ নম্বর পেয়ে প্রথম হয়েছে। দ্বিতীয় হয়েছে সিলেট ব্লু বার্ড উচ্চ বিদ্যালয়ের নাজনীন আক্তার। ৭টি বিষয়ে লেটারসহ সে পেয়েছে ৮৯৬ নম্বর।


সমাজ বিজ্ঞান বিভাগের মেয়েদের মেধা তালিকায় বরো শালগড় উচ্চ বিদ্যালয়ের মোসাঃ বিলকিস আক্তার ৫টি বিষয়ে লেটারসহ ৮৩৫ নম্বর পেয়ে প্রথম হয়েছে। দ্বিতীয় হয়েছে ব্রাহ্মণবাড়িয়ার সাবেরা সোবহান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের রওনক ফারজানা রোবা। দুটি বিষয়ে লেটারসহ যে পেয়েছে ৮২৯ নম্বর।

### একনজরে কুমিল্লা বোর্ডের ফলাফল

| বিভাগ | অবতীর্ণ পরীক্ষার্থী | ১ম বিভাগ | ২য় বিভাগ | ৩য় বিভাগ | মোট পাস | শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৩৬,৮৭৬ | ১৮,৩৩৫ | ৬,২১৫ | ৪ | ২৪,৫৫৪ | ৬৬.৫৯ |
| স. বিজ্ঞান | ৪৩,৫৮৮ | ৪,২১১ | ৮,৯২২ | ১৪৭ | ১৩,২৮০ | ৩০.৪৭ |
| একত্রে | ৮০,৪৬৪ | ২২,৫৪৬ | ১৫,১৩৭ | ১৫১ | ৩৭,৮৩৪ | ৪৭.০২ |



বিজ্ঞানে সম্মিলিত মেধা তালিকায় প্রথম সাদ হাবিব-এ-রাসুল মোল্লা



সমাজ বিজ্ঞানে সম্মিলিত মেধা তালিকায় প্রথম শফিউল নাহি